গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-রাজশাহী
কর ভবন, হেলেনাবাদ, রাজশাহী
www.taxeszonerajshahi.gov.bd

স্মারক নং-১ই-৭(খ)/২০২১-২০২২/ ১০৪৩ তারিখ: ২৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ / ০৮ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩ (আয়কর) এর স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.৬৯/১(৪) তারিখ: ১০/০৩/২০২১ খ্রিস্টাব্দের ছাড়পত্র অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী'র অধীনে ২৬ (ছাব্বিশ) টি শূন্য পদের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত কর অঞ্চল-রাজশাহীর অধিক্ষেত্রাধীন সিভিল জেলার (রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, পাবনা, নাটোর) প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে অনলাইনে (http://taxraj.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, বিগত ১৯/০৪/২০১৭ খ্রিস্টাব্দ তারিখের ১ই-৭(খ) ২০১৬-২০১৭/১৬১২(১-২) নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থীগণ ইতোপূর্বে আবেদন করেছেন তাদের আর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন
১	সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) সাঁট-লিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলা-৫০ ও ইংরেজি-৮০ এবং কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজী-৩০ শব্দ।	রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলা
২	উচ্চমান সহকারী গ্রেড-১৪ বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/-	০৮(আট) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজী-৩০ শব্দ।	
৩	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০/-	০৭ (সাত) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) সাঁট-লিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ ও ইংরেজি-৭০ এবং কম্পিউটার মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে বাংলা-২৫ ও ইংরেজী-৩০ শব্দ।	
৪	অফিস সহকারী কাম কম্পিটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি মুদ্রাক্ষর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ।	
৫	গাড়ী চালক গ্রেড-১৬ বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০/-	০১ (এক) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা এবং ভারী ড্রাইভিং লাইসেন্স; (গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন।	
৬	অফিস সহায়ক গ্রেড-২০ বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-	০৫ (পাঁচ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৭	নোটিশ সার্ভার গ্রেড-২০ বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-	০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৮	নিরাপত্তা প্রহরী গ্রেড-২০ বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	

আবেদন করার নিয়মাবলী/শর্তাবলী:

১।

বয়সসীমা	বয়সসীমা নির্ধারণের তারিখ
১৮ হতে ৩০ বছর	যে সকল প্রার্থীর বয়স ৩১-০১-২০২২ খ্রিস্টাব্দে বর্ণিত সময় সীমার মধ্যে থাকবে তারা আবেদনের যোগ্য বিবেচিত হবেন। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। **তবে কর বিভাগ, কর অঞ্চল-রাজশাহী'র অন্তর্গত রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায় সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিটার মুদ্রাক্ষরিক পদে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।**

২। সরকারী/আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

(ক)) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি নিম্নোক্ত প্রদ্ধতিতে **http://taxraj.teletalk.com.bd** এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময় সীমা নিম্নরূপ:

Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় **১৭/০২/২০২২** খ্রিস্টাব্দ, সকাল ১০.০০ ঘটিকা।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় **০৯/০৩/২০২২** খ্রিস্টাব্দ বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময় সীমার মধ্যে **User ID** প্রাপ্ত প্রার্থীগণ **Online** এ আবেদনপত্র দাখিল এর সময় থেকে ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে **SMS** এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) **ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) সংক্রান্ত:**

✓ **ছবি (Photo) আপলোড: Online** এ- আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য x প্রস্থ) ৩০০ x ৩০০ **pixel** এর কম বা বেশী নয় (**File Size 100 KB** এর বেশি গ্রহণযোগ্য নয়) এবং অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি আপলোড করতে হবে। উল্লেখ্য, সাদাকালো ছবি গ্রহণযোগ্য হবে না। **Applicant's copy** -তে ছবি মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাস পরে তোলা ছবি গ্রহণযোগ্য হবে না।

✓ **স্বাক্ষর (Signature) আপলোড: Online** এ- আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য x প্রস্থ) ৩০০ x ৮০ **pixel** এর কম বা বেশী নয় (**File Size 60 KB** এর বেশি গ্রহণযোগ্য নয়) এরূপ মাপের স্বাক্ষর আপলোড করতে হবে। **Applicant's copy** -তে স্বাক্ষর মুদ্রিত না হলে আবেদনপত্র বাতিল হবে। **Home page**-এর **(Photo & Signature Validator) Menu**-তে ক্লিক করলে **Photo** এবং **Signature** সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(গ) **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী **Online** এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :**

অনলাইনে আবেদনপত্র (**Application Form**) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর **Upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে প্রার্থী একটি **User ID**, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। উক্ত **Applicant's copy** প্রার্থী **Download** পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। **Applicant's copy** তে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং **User ID** নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন **teletalk Pre-paid mobile** নম্বরের মাধ্যমে ০২(দুই) টি **SMS** করে আবেদন ফি বাবদ ১-৫ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ১০০/-(একশত) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ মোট ১১২/- টাকা এবং ৬-৮ নং ক্রমিকের পদবীর আবেদনের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ০৬/- টাকা সহ মোট ৫৬/- টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "**Online** আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত পূরণকৃত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

SMS এর নিয়মাবলী :

প্রথম SMS : TAXRAJ <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **TAXRAJ ABCDEF**

Reply : Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your **PIN** is 12345678, To pay fee type **TAXRAJ** <space>**Yes**<space>**PIN** and send to **16222** নম্বরে।

দ্বিতীয় SMS : TAXRAJ <space>YES<space>PIN and send করতে হবে 16222 নম্বরে।

Example : TAXRAJ YES 12345678

Reply : Congratulations Applicant's Name. Payment Completed Successfully for **TAXRAJ** Application for (post Name) **User ID** is (ABCDEF) and **Password** (xxxxxxxx)|

(চ) দ্বিতীয় **SMS** টি পাঠানোর পর ফিরতি **SMS** এ **Password** পাবেন। **SMS** এর মাধ্যমে প্রাপ্ত **User ID** এবং **Password** টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।

(ছ) আবেদন গ্রহণের সময়সীমা শেষ হওয়ার পর প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি **http://taxraj.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে **SMS** এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। একই প্রবেশপত্র দিয়ে লিখিত এবং মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, **SMS** পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) **SMS** এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙিন **Print** করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে **TAXRAJ** <space>**HELP**<space>**USER**<space>**User ID** & Send to **16222.**

Example : TAXRAJ HELP USER ABCDEF

(ii) **Pin Number** জানা থাকলে **TAXRAJ** <space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.

Example: TAXRAJ Help PIN 12345678

(iii) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(iv) **Online**-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা ctrajtech@gmail.com বা alljobs.query@teletalk.com.bd এ মেইল করা যেতে পারে। (Mail এর subject-এ Organization Name: Taxes Zone-Rajshahi, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(v) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.taxeszonerajshahi.gov.bd ওয়েবসাইটে এবং http://taxraj.teletalk.com.bd এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https**://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৪।　**প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

প্রার্থীর মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূল কপি প্রদর্শন পূর্বক প্রতিটির একটি (০১) করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্র সহ)

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত ছায়ালিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

(চ) Online - এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

(ছ) আবেদনকারী শারীরিক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উক্ত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সনদপত্রসহ আবেদনকারী যে মুক্তিযেদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(জ) গাড়ীচালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দালিকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রামাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসুদপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৫।　সকল পদের জন্য লিখিত (বাংলা, ইংরেজী, গণিত, সাধারণ জ্ঞান), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৬।　সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

৭।　নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮।　নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারের সর্বশেষ জারীকৃত পরিপত্র/নীতিমালা মোতাবেক সকল প্রকার নীতি অনুসরণ করা হবে।

৯।　নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০।　লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তী দৈনিক পত্রিকা ও এ কর অঞ্চলের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

১১।　লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২।　বিজ্ঞপ্তিটি কর অঞ্চল-রাজশাহী'র ওয়েব সাইট (www.taxeszonerajshahi.gov.bd) তে পাওয়া যাবে।

১৩।　অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৪।　সরকার কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫।　প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিভিল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১৬।　উপরে উল্লেখ করা হয়নি এমনক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭　নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসরগ্রহণ, মৃত্যু, পদত্যাগ, অথবা অপসারণ ইত্যাদি কারনে ছাড়পত্রের প্রাপ্তি সাপেক্ষে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে।

স্বাক্ষরিত:
০৮/০৩/২০২২ খ্রিস্টাব্দ
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-রাজশাহী
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-রাজশাহী
ফোন: ০৭২১-৭৭৫৭৯৭